



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

বিএসইসি/প্রশাসন/৬৯:০০(অংশ-২)/২০০১/৪৭৯(ইনোভেশন)/ ৪৩৯


তাঃ ১৯/১০/২০১৫

সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,
অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব)

বিষয়ঃ উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০১৫ অনুযায়ী উদ্ভাবনী ধারণা ও কর্মপরিকল্পনা প্রণয়ন
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর সূত্র নং : ৫৩.০০.০০০০.২১১.০৬.৩১.০০১.১৫-১৪১ তারিখ ১১-১০-২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রে উল্লেখিত নির্দেশনা অনুযায়ী ২০১৫-২০১৬ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা ও কর্মপরিকল্পনা প্রণয়নের তথ্যাদি সদয় অবগতির জন্য পরিশিষ্ট "ক" মাধ্যমে সংযুক্ত করে প্রেরণ করা হ'ল। উল্লেখ্য যে, কমিশনের চীফ ইনোভেশন অফিসার বৈদেশিক ভ্রমণে থাকায় পরিশিষ্ট "ক" ছকটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চীফ ইনোভেশন অফিসারের পক্ষে ইনোভেশন টিমের সদস্য কর্তৃক স্বাক্ষর করা হয়েছে।


(মোহাম্মদ আবুল হাসান)
পরিচালক (প্রশাসন)

ও

সদস্য, ইনোভেশন টিম
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সংযুক্তি : পরিশিষ্ট "ক"

অনুলিপিঃ

- চেয়ারম্যান, বিএসইসি
- নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি [কমিশনের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ জানিয়ে]

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
২০১৫-২০১৬ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা ও কর্মপরিকল্পনা প্রণয়নের ছক

ক্রমিক নম্বর	বিষয়	প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম)	বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ)		দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবি)	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কী পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরী হয়েছে কি না তা পরিমাপের মানদণ্ড)
			শুরুর তারিখ	সমাপ্তির তারিখ			
১.	সেবা প্রত্যাশি স্টক হোল্ডার ভিত্তিক একটি ই-নোটিশ বোর্ড চালুকরণ	স্টক হোল্ডার আইডেন্টিফিকেশন ও তালিকা তৈরী।	১ জুলাই, ২০১৫	৩০ সেপ্টেম্বর, ২০১৫	রাজিব আহমেদ, পরিচালক, এমআইএস বিভাগ; মোঃ মনছুর রহমান, পরিচালক, এসআরএমআইসি বিভাগ; আবুল কালাম আজাদ, উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ।	যেহেতু ই-নোটিশ বোর্ডে সমসাময়িক বিষয়ে তথ্যাদি থাকবে সেহেতু সংশ্লিষ্ট স্টকহোল্ডারগণ (বিশেষ করে স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল, বিভিন্ন ব্রোকারেজ হাউজ, মার্চেন্ট ব্যাংক, অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী, ফান্ড ম্যানেজার, ক্রেডিট রেটিং কোম্পানী, কাস্টডিয়ান, ট্রাস্টি, লিস্টেড কোম্পানী, বিভিন্ন সরকারী সংস্থা, অডিট ফার্ম, রিসার্চ সংস্থা, সাধারণ বিনিয়োগকারীগণ) তাদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন তথ্যাদি খুব সহজেই এবং কম সময়ে উক্ত ই-নোটিশ বোর্ডে দেখতে পাবেন এবং তৎক্ষণাৎ প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।	১. তথ্য সেবা প্রাপ্তির ক্ষেত্রে সেবাগ্রহীতার বিএসইসি'র অফিসে যাতায়াতের সংখ্যা কমে যাবে। ২. তথ্য সমূহের বিশদ বর্ণনা থাকায় সেবাগ্রহীতা দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে তৎপর হতে পারবে।
২.		নোটিশ বোর্ড ডিজাইন।	১ অক্টোবর, ২০১৫	৩০ ডিসেম্বর, ২০১৫			
৩.		নোটিশ বোর্ডে তথ্য সন্নিবেশ। উল্লেখ্য যে উক্ত তথ্য সমূহ ই- নোটিশ বোর্ডে স্টকহোল্ডারদের জন্য বিভিন্ন ক্যাটাগরিতে সন্নিবেশিত থাকবে এবং একটি নির্দিষ্ট সময়ান্তরে জন্য তা ই- নোটিশ বোর্ডে সংরক্ষণ করা হবে। নির্দিষ্ট সময়ান্তরে পর স্বয়ংক্রিয়ভাবে তা আর্কাইভে চলে যাবে।	১ জানুয়ারী, ২০১৬	৩০ মার্চ, ২০১৬			
৪.		টেকস্ট ও পরীক্ষামূলক কার্যক্রম শুরু।	১ এপ্রিল, ২০১৬	৩০ জুন, ২০১৬			
৫.		চূড়ান্ত কার্যক্রম শুরু।					

